

## 💵 রম্যান বিষয়ে জাল ও দুর্বল হাদিসসমূহ

হাদিস নাম্বারঃ ৬

১/ বিবিধ হাদিসসমূহ

আ	ববা	

বাংলা

ছয়.

( لو يعلم العباد مافي رمضان لتمنت أمتي أن يكون رمضان السنة كلها ، إن الجنة لتتزين لرمضان من رأس الحول الحول المنان الخ )

বান্দারা যদি জানত যে, রমযানে কি রয়েছে, তাহলে তারা আশা করত পুরো বছর যেন রমযান হয়, নিশ্চয় জান্নাতকে বছরের শুরু থেকে শেষ পর্যন্ত রমযানের জন্য সুসজ্জিত করা হয়…"। হাদিসটি দুর্বল।

দেখুন: "আল-মাওদুয়াত" লি ইবনু জাওজি: (২/১৮৮), "তানজিহুশ শারিয়াহ" লিল কিনানি: (২/১৫৩) "আল-ফাওয়াদুল মাজমুআহ ফিল আহাদিসিল মাওদুয়াহ" লিশ শাওকানি: (১/২৫৪), "মাজমাউজ জাওয়ায়েদ" লিল হায়সামি: (৩/১৪১)

অনুরূপ আরেকটি হাদিস:

( إن الجنة لتزخرف وتنجد من الحول إلى الحول لدخول رمضان فتقول الحور العين: يا رب، اجعل لنا في هذا الشهر من عبادك أزواجًا)

নিশ্চয় জান্নাত এক বছরের শুরু থেকে শেষ পর্যন্ত রমযান আগমনের জন্য সজ্জিত ও পরিপাটি করা হয়। জান্নাতী হুররা বলে: হে আল্লাহ এ মাসে তোমার বান্দাদের থেকে আমাদের জন্য স্বামী নির্বাচন কর"। তাবরানি "আওসাত" ও "কাবির" গ্রন্থে উল্লেখ করেছেন, এ হাদিসের সনদে ওলিদ ইবনুল ওলিদ আল-কালানাসি বিদ্যমান, সে দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন